গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড,
আগারগাঁও, ঢাকা
(মূসক বাস্তবায়ন ও আইটি অনুবিভাগ)
[মূসক করদাতা সেবা শাখা]

## সভার কার্যবিবরণী

**বিষয়: ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ, ২০২৩ উদযাপন উপলক্ষে গঠিত কেন্দ্রীয় স্টিয়ারিং কমিটির ২য় সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভার স্থান | : | সম্মেলন কক্ষ, (কক্ষ নং-৫১১) জাতীয় রাজস্ব বোর্ড। |
| তারিখ ও সময় | : | ০৬ ডিসেম্বর ২০২৩, সকাল ১০.০০ টা। |
| সভাপতি | : | জনাব আবু হেনা মোঃ রহমাতুল মুনিম<br>সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা। |

০২। ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ, ২০২৩ উদযাপন উপলক্ষে গঠিত কেন্দ্রীয় স্টিয়ারিং কমিটির একটি সভা জনাব আবু হেনা মোঃ রহমাতুল মুনিম, সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা এর সভাপতিত্বে জাতীয় রাজস্ব বোর্ডের সম্মেলন কক্ষে ০৬ ডিসেম্বর, ২০২৩, সকাল ১০.০০ টায় অনুষ্ঠিত হয়। উক্ত সভায় উপস্থিত সদস্যগণের তালিকা **পরিশিষ্ট 'ক'** তে দেখানো হলো। সভায় ইতোপূর্বে গৃহীত কতিপয় সিদ্ধান্ত পুনর্বিবেচনার জন্য উত্থাপন করা হয়। বিভিন্ন উপ-কমিটির কার্যাবলী পর্যালোচনা এবং মাঠ পর্যায়ের দপ্তর সমূহের কার্যক্রমের অগ্রগতি নিয়ে আলোচনা করা হয় একইসাথে বিভিন্ন দপ্তর হতে তাঁদের অনুকূলে তদপ্রেক্ষাপটে বন্টনকৃত কার্যের অগ্রগতি নিয়ে আলোচনা হয়। উদযাপন কমিটি ও সংশ্লিষ্ট উপ-কমিটিসমূহের করনীয় ও অগ্রগতি সম্পর্কে আলোকপাত করা হয় এবং কতিপয় সিদ্ধান্ত গৃহীত হয় যা নিম্নরূপ:

**(১) আমন্ত্রণপত্র তৈরি ও বিতরণ উপ-কমিটি :**

| ক্রমিক নং | পদবী | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ০১. | মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা | **আহ্বায়ক** |
| ০২. | অতিরিক্ত মহাপরিচালক (সকল), কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা | সদস্য |
| ০৩. | যুগ্ম পরিচালক (সকল), কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা | সদস্য |
| ০৪. | উপ-পরিচালক/সহকারী পরিচালক (সকল), কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা | সদস্য |
| ০৫. | উপ-পরিচালক-১, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা | **সদস্য সচিব** |

**কার্যপরিধি :**

- সদস্য (মূসক নিরীক্ষা) ও চেয়ারম্যান মহোদয়ের সাথে আলোচনাক্রমে আমন্ত্রণপত্র ও আমন্ত্রিত অতিথিবর্গের তালিকা প্রণয়ন।
- আমন্ত্রণপত্র পৌছানো নিশ্চিতকরণ।
- অনুষ্ঠানের প্রধান অতিথি, বিশেষ অতিথি ও অন্যান্য ভিআইপি অতিথিদের সাথে নিবিড় যোগাযোগপূর্বক তাঁদের উপস্থিতির বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ।
- জাতীয় পর্যায়ে সর্বোচ্চ মূসক পরিশোধকারী প্রতিষ্ঠানসমূহের স্বত্ত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালকদের সম্মাননা প্রদানের লক্ষ্যে পুরস্কারপ্রাপ্ত প্রথম ০৯ জনকে সেমিনার অনুষ্ঠানে উপস্থিতি নিশ্চিতকরণ এবং তাদের অবর্তমানে প্রতিষ্ঠানের কোন পর্যায়ের কর্মকর্তা অংশগ্রহণ করবেন, তা লিখিতভাবে "সর্বোচ্চ ভ্যাটদাতাগণকে সম্মাননা প্রদান প্রস্তুতি" উপ-কমিটির আহ্বায়ককে জানানো (বাকী করদাতাগণকে স্ব স্ব কমিশনারেটের মাধ্যমে পুরস্কার প্রদান করা হবে)।

**কাজের অগ্রগতি:**

১। সকল অতিথিগণের আমন্ত্রণপত্র বিতরনের কাজ শেষ হয়েছে।

২। সকল আমন্ত্রণপত্রের প্রাপ্তি স্বীকারপত্র সংরক্ষণ করা হয়েছে।

**(২) সেমিনার আয়োজন ও পরিচালনা উপ-কমিটি:**

| ক্রমিক নং | পদবী | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ০১. | কমিশনার, কাস্টম হাউজ (আইসিডি), কমলাপুর, ঢাকা | **আহ্বায়ক** |

| | | |
|---|---|---|
| ০২. | অতিরিক্ত কমিশনার (সকল), কাস্টম হাউজ (আইসিডি), কমলাপুর, ঢাকা | সদস্য |
| ০৩. | যুগ্ম কমিশনার (সকল), কাস্টম হাউজ (আইসিডি), কমলাপুর, ঢাকা | সদস্য |
| ০৪. | উপ-কমিশনার /সহকারী কমিশনার (সকল), কাস্টম হাউজ (আইসিডি), কমলাপুর, ঢাকা | সদস্য |
| ০৫. | উপ-কমিশনার-১, কাস্টম হাউজ (আইসিডি), কমলাপুর, ঢাকা | **সদস্য সচিব** |

**কার্যপরিধি :**

- সেমিনারের জন্য ফোল্ডার তৈরি করা।
- ফোল্ডারে সরবরাহের জন্য ভ্যাট দিবসের মূল শ্লোগানসহ প্যাড, কলম ও স্টিকার ইত্যাদি তৈরি করা।
- কি-নোট পেপার প্রস্তুতকরণ, উপ-কমিটির নিকট হতে অনুমোদিত Keynote সংগ্রহ করে বই আকারে ছাপানো এবং ফোল্ডারে প্রদান।
- ফোল্ডারে কি-নোট, প্যাড, কলম ও স্টিকার দেয়াসহ সভা শুরুর প্রারম্ভে আমন্ত্রিত অতিথিদের নির্ধারিত আসনে তা বিতরণ।
- সম্মেলন কক্ষের অতিথি ও সকলের আসন বিন্যাস ও অনুষ্ঠান পরিচালনার সার্বিক ব্যবস্থাপনা ও শৃঙ্খলা বিধান নিশ্চিত করা।
- অনুষ্ঠানের জন্য একাধিক সঞ্চালক নির্বাচন করে অনুষ্ঠান সঞ্চালনের ব্যবস্থা গ্রহণ করা।
- কোরআন তেলাওয়াতের ব্যবস্থা করা।
- মঞ্চের অতিথিদের পুষ্পস্তবক প্রদানের ব্যবস্থা করা এবং তা প্রদান।
- সেমিনার সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে নিরাপত্তা নিশ্চিত করা।

**কাজের অগ্রগতি:**

১। সেমিনারের জন্য ফোল্ডার **(৫০০টি)** (কি-নোট, প্যাড, কলম ও স্টিকার ইত্যাদি) তৈরি কার্যক্রম সম্পন্ন হয়েছে।

২। কি-নোট পেপার বিষয়ে মূসক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তরের সাথে সমন্বয়পূর্বক কার্যক্রম সম্পাদন করা হয়েছে একইসাথে বিতরণের কার্যক্রম চলমান।

৩। অনুষ্ঠান সঞ্চালনার জন্য কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (দক্ষিণ) ঢাকাকে দায়িত্ব প্রদান করা হয়েছে।

৪। মঞ্চের অতিথিদের পুষ্পস্তবক প্রদান করা হবে না।

**(৩) ভেন্যু/মঞ্চ সজ্জা উপ-কমিটি:**

| ক্রমিক নং | পদবী | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ০১. | কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা | **আহ্বায়ক** |
| ০২. | অতিরিক্ত কমিশনার (সকল), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা | সদস্য |
| ০৩. | যুগ্ম কমিশনার (সকল), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা | সদস্য |
| ০৪. | উপ-কমিশনার/সহকারী কমিশনার (সকল), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা | সদস্য |
| ০৫. | উপ-কমিশনার-১, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা | **সদস্য সচিব** |

**কার্যপরিধি :**

- সম্মেলন কক্ষের ভিতরে ও বাইরে প্রয়োজনীয় সজ্জার কাজ করবেন।
- মঞ্চের টেবিল, মঞ্চের পিছনের ব্যানার তৈরি, ব্যানারের বক্তব্য লিখন ও প্রদর্শন;

**কাজের অগ্রগতি:**

১। মূল সেমিনার কক্ষসহ মূল সেমিনারের বাইরে দক্ষিণ পার্শ্বের খোলা জায়গায় আমন্ত্রিত অতিথিদের বসার ব্যবস্থাসহ ডিজিটাল স্ক্রিনের ব্যবস্থা রাখা হবে।

২। সম্মেলন কক্ষের ভিতরে ও বাইরে প্রয়োজনীয় সাজ সজ্জার কাজসহ মূল রাস্তায় ব্রান্ডিং এর ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

৩। মঞ্চের টেবিল, মঞ্চের পিছনের ব্যানার তৈরি, ব্যানারের বক্তব্য লিখন ও প্রদর্শন প্রস্তুত করা হয়েছে।

৪। ডিজিটাল ব্যানারের ব্যবস্থা করা হয়েছে।

৫। অনুষ্ঠানস্থলের চিত্র এবং ভিডিও ধারণ করার জন্য একজন স্থির ক্যামেরাম্যান এবং একজন ভিডিও ক্যামেরাম্যান যেন সার্বক্ষণিক থাকে সে বিষয়ে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

৬। আয়কর দিবস ২০২৩ এর ন্যায় ভেন্যু ও মঞ্চ সাজানোর প্রস্তুতি গ্রহণ করা হয়েছে।

৭। আগামী ০৮/১২/২০২৩খ্রিঃ তারিখের মধ্যে ভেন্যু ও মঞ্চ সাজাতে হবে।

৮।আগামী ০৯/১২/২০২৩খ্রিঃ তারিখ বিকাল ৪.০০ ঘটিকায় 'ভেন্যু ও মঞ্চ এর আসন বিন্যাস' চূড়ান্ত পরিদর্শন করা হবে।

(৪) **কী-নোট পেপার প্রস্তুতকরণ উপ-কমিটিঃ**

| ক্রমিক নং | পদবী | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ০১. | মহাপরিচালক, মূসক নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা | **আহ্বায়ক** |
| ০২. | কমিশনার, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, চট্টগ্রাম | সদস্য |
| ০৩. | কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা | সদস্য |
| ০৪ | কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপিল) কমিশনারেট, ঢাকা-২ | সদস্য |
| ০৫. | অতিরিক্ত কমিশনার, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, চট্টগ্রাম | **সদস্য সচিব** |

**কার্যপরিধি :**

- উপ-কমিটি কি-নোট পেপার প্রস্তুত করে তা স্ট্রিয়ারিং কমিটির অনুমোদন গ্রহণ করবেন। এরপর বই আকারে তা ফোল্ডারে প্রদানের লক্ষ্যে সেমিনার আয়োজন ও পরিচালনা উপ-কমিটির নিকট অনুমোদিত কি-নোট পেপার হস্তান্তর করবেন।

**কাজের অগ্রগতিঃ**

১। ১২০০ কি নোট পেপার প্রস্তুত করা হয়েছে।

২। কি নোট পেপার বিতরণের কার্যক্রম চলমান।

৩। অনুমোদিত কি নোট পেপার দিয়ে পাওয়ার পয়েন্ট প্রস্তুত করে মাঠ পর্যায়ে বিতরণের কার্যক্রম চলমান।

(৫) **অভ্যর্থনা উপ-কমিটিঃ**

| ক্রমিক নং | পদবী | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ০১. | কমিশনার, কাস্টম হাউস, পানগাঁও | **আহ্বায়ক** |
| ০২. | অতিরিক্ত কমিশনার (সকল), কাস্টম হাউস, পানগাঁও | সদস্য |
| ০৩. | যুগ্ম কমিশনার (সকল), কাস্টম হাউস, পানগাঁও | সদস্য |
| ০৪. | উপ-কমিশনার/সহকারী কমিশনার (সকল), কাস্টম হাউস, পানগাঁও | সদস্য |
| ০৫. | উপ-কমিশনার-১, কাস্টম হাউস, পানগাঁও | **সদস্য সচিব** |

**কার্যপরিধি :**

- উপ-কমিটি সেমিনারে আগত অতিথিদের অভ্যর্থনা জানানো, যথাযথ আসনে উপবেশনের ব্যবস্থাকরণ ও প্রয়োজনীয় সকল কাজ সম্পাদনের কার্যক্রম গ্রহণ করবেন।
- মত বিনিময় সভায় অংশগ্রহণকারী মন্ত্রী মহোদয়, উপদেষ্টা মহোদয় ও বিশেষ অতিথিবৃন্দ এর মধ্যে যারা উপস্থিত থাকবেন; তাদেরকে অনুষ্ঠানস্থলে প্রযোজ্য ক্ষেত্রে প্রটোকল সহকারে নিয়ে আসা ও যথাযথ সম্মানের সাথে বিদায় জানানো।

**কাজের অগ্রগতিঃ**

১। অভ্যর্থনা উপ-কমিটি ২৬ সদস্য বিশিষ্ট সমন্বয় কমিটি গঠন করা হয়েছে।

২। প্রধান অতিথি ও বিশেষ অতিথির আগমনের বিষয়ে কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তরের সাথে সমন্বয় করে কার্যক্রম গ্রহণ করতে হবে।

৩। আমন্ত্রিত অতিথিদের অভ্যর্থনায় কর্মকর্তাদের বিষয়ে Dress Code পরিধান করা ও মেনে চলার নির্দেশনা প্রদান করা হয়েছে।

৪। আমন্ত্রিত অতিথিদের প্রটোকলের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

(৬) **সর্বোচ্চ মূসক প্রদানকারী করদাতাগণকে সম্মাননা প্রদান প্রস্তুতি উপ-কমিটি:**

| ক্রমিক নং | পদবী | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ০১. | মহাপরিচালক, নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর, ঢাকা | **আহ্বায়ক** |
| ০২. | অতিরিক্ত মহাপরিচালক (সকল), নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর, ঢাকা | সদস্য |
| ০৩. | যুগ্ম পরিচালক (সকল), নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর, ঢাকা | সদস্য |
| ০৪. | উপ-পরিচালক/সহকারী পরিচালক (সকল), নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর, ঢাকা | সদস্য |
| ০৫. | উপ-পরিচালক-১, নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর, ঢাকা | **সদস্য সচিব** |

**কার্যপরিধি :**

- পুরস্কারের ক্রেস্ট ও নকশা প্রণয়ন এবং স্টিয়ারিং কমিটির অনুমোদন গ্রহণপূর্বক ক্রেস্ট ও সম্মাননাপত্র প্রস্তুতকরণ।
- দেশব্যাপী জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক চূড়ান্তভাবে নির্বাচিত সর্বোচ্চ করদাতাগণের তালিকা জাতীয় রাজস্ব বোর্ড হতে সংগ্রহকরণ এবং প্রথম ০৯ জনের সভাস্থলে উপস্থিতির বিষয়ে সার্বিক মনিটরিং।
- উক্ত প্রথম ০৯ জন ব্যতিরেকে অন্যান্যদের পুরস্কার/ক্রেস্ট/সম্মাননা প্রদানের লক্ষ্যে তাদের নামের তালিকাসহ যথাসময়ে সংশ্লিষ্ট কমিশনারেটে প্রেরণ।
- মূসক দিবসের সেমিনার অনুষ্ঠানে মাননীয় প্রধান অতিথি কর্তৃক সুশৃঙ্খলভাবে ক্রেস্ট ও সম্মাননাপত্র বিতরণের ক্ষেত্রে পূর্ব প্রস্তুতি ও যাবতীয় ব্যবস্থা গ্রহণ।

**কাজের অগ্রগতি:**

১। ক্রেস্ট এবং সম্মাননা পত্র প্রস্তুত করা হয়েছে

২। সূচারুভাবে বিতরণ নিশ্চিত করতে হবে।

(৭) **উপহার সামগ্রী প্রস্তুত ও বিতরণ উপ-কমিটি:**

| ক্রমিক নং | পদবী | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ০১. | কমিশনার, কাস্টম হাউস, ঢাকা | **আহ্বায়ক** |
| ০২. | অতিরিক্ত কমিশনার (সকল), কাস্টম হাউস, ঢাকা | সদস্য |
| ০৩. | যুগ্ম কমিশনার (সকল), কাস্টম হাউস, ঢাকা | সদস্য |
| ০৪. | উপ-কমিশনার /সহকারী কমিশনার (সকল), কাস্টম হাউস, ঢাকা | সদস্য |
| ০৫. | উপ-কমিশনার-১, কাস্টম হাউস, ঢাকা | **সদস্য সচিব** |

**কার্যপরিধি :**

- ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহের মূল শ্লোগান-সম্বলিত ব্যবহার উপযোগী উপহার যেমন-ব্যাগ/মগ/নোটবুক/পাওয়ার ব্যাংক/মোবাইল স্ট্যান্ড এর নমুনা ইত্যাদি স্টিয়ারিং কমিটির অনুমোদন সাপেক্ষে প্রস্তুতকরণ
- উপহার সামগ্রী জাতীয় রাজস্ব বোর্ডসহ বিভিন্ন দপ্তরে বিতরণ।

**কাজের অগ্রগতি :**

১। নমুনাদৃষ্টে চেয়ারম্যান মহোদয়ের অনুমতিক্রমে উপহার সামগ্রী (পাটের ব্যাগ, ট্রাভেল অ্যাডাপ্টর, ছাতা, পানির বোতল, চাবির রিং, টচ্ লাইট ও গিফট বক্স) ১১০০টি প্রস্তুত করা হয়েছে।

২। বিতরণের কার্যক্রম আগামী ১০ ডিসেম্বর ভ্যাট দিবসের দিন শুরু হবে।

৩। ঢাকার বাইরে উপহার সামগ্রী যথাসময়ে পাঠানোর ব্যবস্থা করতে হবে।

(৮) আপ্যায়ন উপ-কমিটি:

| ক্রমিক নং | পদবী | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ০১. | কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা | **আহ্বায়ক** |
| ০২. | অতিরিক্ত কমিশনার (সকল), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা | সদস্য |
| ০৩. | যুগ্ম কমিশনার (সকল), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা | সদস্য |
| ০৪. | উপ-কমিশনার/সহকারী কমিশনার (সকল), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা | সদস্য |
| ০৫. | উপ-কমিশনার-১, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা | **সদস্য সচিব** |

**কার্যপরিধি :**

- সার্বিক পরিস্থিতি বিবেচনায় রেখে সেমিনারে খাবার পরিবেশনের মেন্যু নির্ধারণ করতে হবে এবং উদযাপন কমিটির আহবায়কের সাথে আলোচনা করে খাবার মেন্যু চূড়ান্ত করতে হবে।
- যে অংশে খাবার পরিবেশন করা হবে সেই অংশের আসন বিন্যাস, সজ্জিতকরণ।
- সেমিনারে উপস্থিত অতিথি সংখ্যা অনুযায়ী খাবারের পরিমাণ নির্ধারণ করা হবে। অতিথি এবং গাড়িচালকদের জন্য পৃথকভাবে খাবার সরবরাহ করা হবে।
- উপর্যুক্ত ক্ষেত্রে জাতীয় রাজস্ব বোর্ড ও স্টিয়ারিং কমিটির নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।

**কাজের অগ্রগতিঃ**

১। আমন্ত্রিত ৫০০ জন অতিথিদের বসে খাবারের জন্য হোটেল ইন্টারকন্টিনেন্টাল হতে এবং অন্যান্য অতিথিবৃন্দ, অতিথিদের সহযোগী ও জাতীয় রাজস্ব বোর্ডের সকল কর্মকর্তা-কর্মচারীদের ইকবাল ক্যাটারিং হতে ১১০০ জনের খাবারের ব্যবস্থা করা।

২। ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ার সাংবাদিকদের আপ্যায়নের বিষয়ে জনসংযোগ কর্মকর্তা, জাতীয় রাজস্ব বোর্ড এর সাথে সমন্বয় সাধন করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।

৩। অনুষ্ঠান/খাবারের আয়োজন ০১ শিফটে ব্যবস্থা গ্রহণ করা।

৪। মূল অনুষ্ঠান শুরুর পূর্বে (সময়ঃ সকাল ৯.২০ হতে সকাল ৯.৫০) এবং চলাকালীন সময়ে চা, কফি এবং বিস্কুট এর ব্যবস্থা ব্যবস্থা গ্রহণ করা।

৫। জাতীয় রাজস্ব বোর্ডের সকল কর্মকর্তা-কর্মচারীদের খাবার বিতরণের বিষয়টি বোর্ড প্রশাসনের সাথে সমন্বয় করে কার্যক্রম সম্পাদন করতে হবে।

(৯) টক-শো আয়োজন উপ-কমিটি:

| ক্রমিক নং | পদবী | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ০১. | কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা | **আহ্বায়ক** |
| ০২. | অতিরিক্ত কমিশনার (সকল), কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা | সদস্য |
| ০৩. | যুগ্ম কমিশনার (সকল), কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা | সদস্য |
| ০৪. | উপ-কমিশনার/সহকারী কমিশনার (সকল), কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা | সদস্য |
| ০৫. | উপ-কমিশনার-১, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা | **সদস্য সচিব** |

**কার্যপরিধি :**

- ভ্যাট বিভাগের উর্ধ্বতন কর্মকর্তাগণের অংশগ্রহণে বিভিন্ন টেলিভিশন চ্যানেলে টক-শো/মত বিনিময় অনুষ্ঠানের আয়োজন।

➢ এছাড়া নিম্নে উল্লেখিত বিশিষ্টজনদের নিয়ে টেলিভিশনে অনুষ্ঠান আয়োজনঃ

| |
|---|
| (১) মাননীয় অর্থমন্ত্রী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ; |
| (২) মাননীয় অর্থ উপদেষ্টা ; |
| (৩) সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা; |
| (৪) কাস্টমস ও ভ্যাট অনুবিভাগের সকল সদস্য এবং |
| (৫) এফবিসিসিআই এর সভাপতিসহ বিভিন্ন চেম্বারের নেতৃবৃন্দ। |

➢ এ লক্ষ্যে বিভিন্ন টিভি, বাংলাদেশ বেতার ও এফ.এম রেডিও চ্যানেল এর সাথে যোগাযোগ করে অনুষ্ঠানের সময় নির্ধারণ, সমন্বয়করণ এবং ব্যবস্থা গ্রহণ।

➢ সেমিনার অনুষ্ঠান/টক শো-তে অংশগ্রহণের জন্য ভ্যাট বিভাগের উর্ধ্বতন কর্মকর্তাদের সমন্বয়ে বিভিন্ন প্যানেল গঠন ও তাদের অংশগ্রহণ নিশ্চিতকরণ।

➢ ১০ ডিসেম্বর ২০২২ তারিখে সেমিনার অনুষ্ঠানের আগের দিন (অর্থাৎ ০৯ ডিসেম্বর ২০২২ তারিখ) জাতীয় রাজস্ব বোর্ডে প্রেস ব্রিফিংয়ের আয়োজন করা এবং এ লক্ষ্যে প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাথে সকল ধরনের যোগাযোগ।

➢ ব্রিফিং শেষে মিডিয়া কর্মীদের মাঝে প্রেস রিলিজ বিতরণ করা।

➢ টক শো উপ-কমিটিতে PRO, NBR কে Co-opt করা হবে। এক্ষেত্রে প্রেস রিলিজ প্রস্তুতের ক্ষেত্রে টক-শো উপ-কমিটির সদস্য হিসেবে PRO, NBR একটি খসড়া প্রেস রিলিজ প্রস্তুত করবেন এবং সদস্য (মূসক বাস্তবায়ন ও আইটি) মহোদয়ের মাধ্যমে চেয়ারম্যান মহোদয়ের অনুমোদন নিবেন। ভ্যাট দিবসের ন্যূনতম ০২ (দুই) সপ্তাহ পূর্বে তা প্রস্তুত করতে হবে।

<u>কাজের অগ্রগতি:</u>

১। ঢাকাস্থ বিভিন্ন বিভাগীয় কর্মকর্তাদের নিয়ে কমিটি গঠন করা হয়েছে।

২। সংশ্লিষ্ট মিডিয়া বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

৩। টক শোর গাইড লাইন প্রস্তুত করা হয়েছে; (টার্গেট/অর্জন এবং EFDMS এর তথ্যে গুরুত্ব আরোপ করতে হবে)।

৪। টক শো অনুষ্ঠানের সিডিউল তৈরী করে সকল দপ্তরে প্রেরণ করা হয়েছে। সিডিউল অনুযায়ী টক শোর কার্যক্রম চলমান।

৫। টক শো অনুষ্ঠানটি যেন বিগত বছরের ন্যায় এবারও সুন্দর ও সুসংগঠিত হয় সে দিকে খেয়াল রাখতে হবে।

(১০) **পোস্টার ও স্টিকার তৈরি ও বিতরণ এবং প্রচার ও সাংস্কৃতিক উপ-কমিটি:**

| ক্রমিক নং | পদবী | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ০১. | কমিশনার, বৃহৎ করদাতা ইউনিট, মূল্য সংযোজন কর, ঢাকা | **আহ্বায়ক** |
| ০২. | অতিরিক্ত কমিশনার (সকল), বৃহৎ করদাতা ইউনিট, মূল্য সংযোজন কর, ঢাকা | সদস্য |
| ০৩. | যুগ্ম কমিশনার (সকল), বৃহৎ করদাতা ইউনিট, মূল্য সংযোজন কর, ঢাকা | সদস্য |
| ০৪. | উপ-কমিশনার/সহকারী কমিশনার (সকল), বৃহৎ করদাতা ইউনিট, মূল্য সংযোজন কর, ঢাকা | সদস্য |
| ০৫. | উপ-কমিশনার-১, বৃহৎ করদাতা ইউনিট, মূল্য সংযোজন কর, ঢাকা | **সদস্য সচিব** |

<u>কার্যপরিধি :</u>

➢ ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ উদযাপন উপলক্ষে বিশেষ পোস্টার স্টিয়ারিং কমিটির মাধ্যমে অনুমোদনপূর্বক সরকারি মুদ্রণালয়ের মাধ্যমে ছাপানোর ব্যবস্থা করা এবং তা বিভিন্ন দপ্তরে বিতরণ করা।

➢ ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ উদযাপন উপলক্ষে মূসক প্রদানে উৎসাহব্যঞ্জক শ্লোগান-সম্বলিত স্টিকার উক্তরুপভাবে অনুমোদন গ্রহণপূর্বক প্রস্তুতকরণ ও তা বিভিন্ন দপ্তরে বিতরণ।

➢ প্রচার কমিটির সাথে যোগাযোগ রক্ষা করে কার্যক্রম সমন্বয় সাধন।

➢ এছাড়া জাতীয় রাজস্ব বোর্ডে ০২ /১০/২০২৩ তারিখে এ বিষয়ে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত ও কার্যপরিধির আলোকে নিম্নবর্ণিত কার্যক্রম গ্রহণ করবেন :

➢ ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ/২০২৩ উদযাপন বিষয়ে প্রস্তুতকৃত TVC (যদি থাকে) রেডিও/টিভি/ইলেকট্রনিক

মিডিয়া-তে প্রচার।

- ভ্যাট বিষয়ে বিভিন্ন স্লোগানসহ (২০২৩-২০২৪ অর্থবছরে স্থাপিত EFD/SDC সংশ্লিষ্ট বিষয় প্রাধান্য পাবে) মূল প্রতিপাদ্য বিষয়ের স্লোগান তৈরি ও স্টিয়ারিং কমিটির অনুমোদন গ্রহণ।
- ঐ সকল স্লোগান ক্যাবল অপারেটরের মাধ্যমে প্রচার, রেডিও, টিভি ও সিনেমা হলে প্রচার ও অন্যান্য মাধ্যমে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।
- কেন্দ্রিয়ভাবে অনুষ্ঠেয় প্রোগ্রাম বিভিন্ন টিভি চ্যানেলে সম্প্রচারের ব্যবস্থা গ্রহণ।
- ভ্যাট বিষয়ে গণসচেতনতা বৃদ্ধির জন্য মোবাইল অপারেটরদের মাধ্যমে ভ্যাট বিষয়ক এস এম এস (SMS) প্রেরণ।
- প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাথে সকল ধরনের যোগাযোগ।

**কাজের অগ্রগতি:**

১। নির্বাচিত স্লোগান দিয়ে ফ্লাইয়ার, স্টিকার তৈরী সম্পন্ন হয়েছে।

২। ফ্লাইয়ার ও স্টিকার বিতরণের কাজ চলমান রয়েছে।

৩। ঢাকার মধ্যে সীমিত পরিসরে ফ্লাইয়ার ও প্রয়োজনীয় সংখ্যক লিফলেট এবং ঢাকার বাইরে ফ্লাইয়ার লিফলেট যেন বেশী ব্যবহার হয় সেদিকে নজর দিতে হবে।

৪। পোস্টার করা হবে না।

**(১১) ক্রোড়পত্র উপ-কমিটি:**

| ক্রমিক নং | পদবী | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ০১. | মহাপরিচালক, শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা | **আহ্বায়ক** |
| ০২. | অতিরিক্ত মহাপরিচালক (সকল), শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা | সদস্য |
| ০৩. | যুগ্ম পরিচালক (সকল), শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা | সদস্য |
| ০৪. | উপ-পরিচালক /সহকারী পরিচালক (সকল), শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা | সদস্য |
| ০৫. | উপ-পরিচালক-১, শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা | **সদস্য সচিব** |

**কার্যপরিধি :**

- ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ, ২০২৩ উদযাপন উপলক্ষে ১০ ডিসেম্বর ২০২৩ তারিখে নির্ধারিত ০৫ টি বাংলা ও ০১ টি ইংরেজী জাতীয় দৈনিক পত্রিকায় ক্রোড়পত্র প্রকাশের ব্যবস্থা গ্রহণ করবেন। এটি ০১ (এক) পৃষ্ঠায় ০৪ রং এ হবে। জাতীয় রাজস্ব বোর্ডের নির্দেশনা অনুযায়ী বিষয়টি চূড়ান্ত করবে।
- গত বছরের ন্যায় এবারও ক্রোড়পত্রে মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় অর্থমন্ত্রী, জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যান, আহ্বায়ক; ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ উদযাপন কমিটি - সকলের বাণী ও ছবি সংগ্রহপূর্বক তা ব্যবহার নিশ্চিত করবে।

**কাজের অগ্রগতি:**

১। ক্রোড়পত্র প্রস্তুত করা হয়েছে।

২। জাতীয় পর্যায়ের ০৫ (পাঁচ)টি বাংলা ও ০১ (এক)টি ইংরেজি দৈনিক পত্রিকায় ক্রোড়পত্র প্রকাশের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

**(১২) ব্যানার, বিলবোর্ড, ফেস্টুন, প্ল্যাকার্ড ও আলোকসজ্জা উপ-কমিটি:**

| ক্রমিক নং | পদবী | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ০১. | কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পূর্ব), ঢাকা | **আহ্বায়ক** |
| ০২. | অতিরিক্ত কমিশনার (সকল), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পূর্ব), ঢাকা | সদস্য |
| ০৩. | যুগ্ম কমিশনার (সকল), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পূর্ব), ঢাকা | সদস্য |
| ০৪. | উপ-কমিশনার/সহকারী কমিশনার (সকল), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পূর্ব), ঢাকা | সদস্য |
| ০৫. | উপ-কমিশনার-১, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পূর্ব), ঢাকা | **সদস্য সচিব** |

কার্যপরিধি :

- সরকারের আর্থিক ব্যয় কৃচ্ছসাধন নীতি অনুসরণ করে সীমিত আকারে দিবসটি উদযাপনের বিষয়টি বিবেচনায় রেখে সাজসজ্জার আয়োজন করতে হবে।
- ঢাকাস্থ সকল দপ্তর, সড়ক, সড়কদ্বীপ ও ফ্লাইওভার, ওভারব্রিজ ইত্যাদি স্থানে প্রতিবছর যেভাবে ব্যানার, রোল ব্যানার, আলোকসজ্জা, ফেস্টুন, প্ল্যাকার্ড দ্বারা সজ্জিত করা হয় ; তার পরিবর্তে প্রতিটি দপ্তর বিভিন্ন ধরনের ভ্যাট বিষয়ক ব্যানার ও ফেস্টুন দ্বারা সজ্জিত করা ।
- এক্ষেত্রে রাজস্ব ভবন ও শহরের গুরুত্বপূর্ণ স্থানে ব্যানার, বিলবোর্ড, ফেস্টুন ইত্যাদির মাধ্যমে সাজসজ্জার বিষয়ে উপ কমিটি, উদযাপন কমিটির আহবায়ককে অবহিত রেখে সাজসজ্জার পরিধি চূড়ান্ত করবেন।
- ব্যানারে কী বাণী/স্লোগান লিখতে হবে তা প্রণয়ন ও নির্ধারণ (এ বিষয়ে প্রচার ও সাংস্কৃতিক উপ-কমিটির সাথে সমন্বয় করতে হবে)।
- ব্যানারের কয়েকটি নমুনা প্রস্তুত করে অনুমোদন/বাছাইকরণের জন্য স্টিয়ারিং কমিটির নিকট উপস্থাপন করবেন ।

কাজের অগ্রগতি:

১। রোল ব্যানার, এক্স ব্যানার এবং ফেস্টুন প্রস্তুত করা হয়েছে।

২। আগামী ০৮/১২/২০২৩ এবং ০৯/১২/২০২৩ তারিখের মধ্যে রোল ব্যানার, এক্স ব্যানার এবং ফেস্টুন স্থাপনের কার্যক্রম সম্পন্ন করতে হবে।

৩। মূল অনুষ্ঠানের পূর্বের দিন হতে অনুষ্ঠানের দিন (অর্থাৎ ০৯/১২/২০২৩ ও ১০/১২/২০২৩ খ্রিঃ তারিখ) এবং ১৬ ডিসেম্বর/বিজয় দিবস, ২০২৩ উদযাপন উপলক্ষ্যে ০২দিন (অর্থাৎ ১৫/১২/২০২৩ ও ১৬/১২/২০২৩ খ্রিঃ তারিখ) জাতীয় রাজস্ব ভবনে আলোক সজ্জার ব্যবস্থা রাখার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

৪। অতিরিক্ত বিল বোর্ডের ব্যবস্থা রাখতে হবে।

(১৩) অডিট উপ-কমিটি:

| ক্রমিক নং | পদবী | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ০১. | কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপিল) কমিশনারেট, ঢাকা-১ | আহ্বায়ক |
| ০২. | অতিরিক্ত কমিশনার (সকল), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপিল) কমিশনারেট, ঢাকা-১ | সদস্য |
| ০৩. | যুগ্ম কমিশনার (সকল), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপিল) কমিশনারেট, ঢাকা-১ | সদস্য |
| ০৪. | উপ-কমিশনার/সহকারী কমিশনার (সকল), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপিল) কমিশনারেট, ঢাকা-১ | সদস্য |
| ০৫. | উপ-কমিশনার-১, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপিল) কমিশনারেট, ঢাকা-১ | সদস্য সচিব |

কার্যপরিধি :

- উপ-কমিটি নিরীক্ষা সংক্রান্ত যাবতীয় কার্যক্রম সম্পন্ন করে পূর্ণাঙ্গ নিরীক্ষা প্রতিবেদন উদযাপন কমিটির আহ্বায়কের নিকট প্রেরণ করবেন।
- অডিট কার্যক্রম মার্চ, ২০২৪ এর মধ্যে সম্পন্ন করবেন।

কাজের অগ্রগতি:

১। কার্যক্রম পর্যবেক্ষন করা হচ্ছে। কার্যক্রম শেষে অডিট করা হবে।

২। মূল অনুষ্ঠান শেষ হওয়ার ০৭ (সাত) দিনের মধ্যে যথাযথ বিল দাখিল ও এ সংক্রান্ত প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্ন করতে হবে।

(১৪) স্মরণিকা প্রকাশ কমিটি:

| ক্রমিক নং | নাম ও পদবী | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ১. | কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা | আহ্বায়ক |
| ২. | কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা | উপদেষ্টা |
| ৩. | ড. মোঃ আব্দুর রউফ, মহাপরিচালক, ভ্যাট নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা | উপদেষ্টা |
| ৪. | জনাব মোহাম্মদ ফখরুল আলম, মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা | উপদেষ্টা |

| | | |
|---|---|---|
| ৫. | জনাব এস এম সোহেল রহমান, প্রথম সচিব, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা | সদস্য |
| ৬. | জনাব মোঃ জিয়াউর রহমান খান, যুগ্ম-কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা | সদস্য-সচিব |

**কার্যপরিধি:**

- ভ্যাট দিবসের মূল প্রতিপাদ্য/Theme এর উপর ভিত্তি করে ভ্যাট দিবসের উল্লেখযোগ্য কার্যক্রমকে উপজীব্য করে একটি স্মরণিকা প্রকাশ করা।
- কাস্টমস, মূসক ও অন্যান্য দপ্তর এবং সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের কাছ থেকে ভ্যাট দিবসের থিম এর উপর গুরুত্ব আরোপ করে লেখা সংগ্রহ করা।
- প্রাপ্ত লেখা/প্রবন্ধসমূহ হতে উল্লেখযোগ্য ও গুরুত্বপূর্ণ প্রবন্ধসমূহ বাছাইকরত আগামী **২৫ নভেম্বর ২০২৩ তারিখের** মধ্যে স্মরণিকাটি প্রকাশ করা।
- প্রকাশিত স্মরণিকা অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড ও কাস্টমস বিভাগের কর্মকর্তাগণ এবং সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের মাঝে **০৫ ডিসেম্বর ২০২৩ তারিখের** পূর্বে বিতরণের ব্যবস্থা করা।
- এ সংক্রান্ত সার্বিক সমন্বয়ের জন্য একটি WhatsApp Group গঠন করা।
- সংশ্লিষ্ট অন্যান্য কমিটির সাথে সমন্বয় সাধন করা।

**কাজের অগ্রগতি:**

১। ১০০০ পিস ১৫ ফর্মা স্মরণিকা প্রস্তুত করা হয়েছে।

২। বিতরণের কার্যক্রম চলমান।

**(১৫) অনুষ্ঠান উপস্থাপন/ সঞ্চালন উপ- কমিটি**

- সভায় ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ, ২০২৩ উদযাপন উপলক্ষ্যে ১০ ডিসেম্বর, ২০২৩ তারিখে উদযাপিতব্য অনুষ্ঠানটি সুষ্ঠুভাবে পরিচালনা/ উপস্থাপনার লক্ষ্যে কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকাকে আহ্বায়ক করে দায়িত্ব প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। কমিটির আহ্বায়ক অনুষ্ঠানটি পরিচালনার লক্ষ্যে প্রয়োজনীয় সংখ্যক সদস্যগণকে কো- অপ্ট করে নিতে পারবেন। এ বিষয়ে প্রয়োজনে ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ, ২০২৩ উদযাপন কমিটির আহ্বায়কের সাথে পরামর্শ করতে পারবেন।

**কাজের অগ্রগতি:**

১। মূল অনুষ্ঠানের সঞ্চালনার জন্য স্ক্রীপ্ট সদস্য (মূসক নিরীক্ষা) মহোদয়ের নিকট উপস্থাপন করা হয়েছে।

২। সঞ্চালনার জন্য উপ কমিশনার জনাব কাজী ইরাজ ইশতিয়াক ও উপ কমিশনার জনাব প্রিয়াংকা দাস শিপুকে মনোনয়ন দেওয়া হয়েছে।

**আঞ্চলিক কমিটি:**

**কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, কুমিল্লা**

**সিদ্ধান্ত:**

১। জাতীয় রাজস্ব বোর্ডের সম্মানিত সদস্য জনাব ফারজানা আফরোজ উক্ত অনুষ্ঠানে উপস্থিত থাকবেন।

২। বিগত বছরের ন্যায় এবারও সুন্দর ও সুসংগঠিত হয় সেদিকে খেয়াল রাখতে হবে।

**কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, সিলেট**

১। জাতীয় রাজস্ব বোর্ডের সম্মানিত সদস্য জনাব ড. মইনুল খান উক্ত অনুষ্ঠানে উপস্থিত থাকবেন।

২। বিগত বছরের ন্যায় এবারও সুন্দর ও সুসংগঠিত হয় সেদিকে খেয়াল রাখতে হবে।

**কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রাজশাহী**

**সিদ্ধান্ত:** বিগত বছরের ন্যায় এবারও সুন্দর ও সুসংগঠিত হয় সেদিকে খেয়াল রাখতে হবে।

**কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রংপুর**

**সিদ্ধান্ত:** বিগত বছরের ন্যায় এবারও সুন্দর ও সুসংগঠিত হয় সেদিকে খেয়াল রাখতে হবে।

**কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, যশোর**

**সিদ্ধান্ত:** বিগত বছরের ন্যায় এবারও সুন্দর ও সুসংগঠিত হয় সেদিকে খেয়াল রাখতে হবে।

**কাস্‌টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, খুলনা**

১। জাতীয় রাজস্ব বোর্ডের সম্মানিত সদস্য জনাব হোসেন আহমদ উক্ত অনুষ্ঠানে উপস্থিত থাকবেন।

২। বিগত বছরের ন্যায় এবারও সুন্দর ও সুসংগঠিত হয় সেদিকে খেয়াল রাখতে হবে।

**কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, চট্টগ্রাম**

১। কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল ঢাকা এর প্রেসিডেন্ট জনাব এস.এম. হুমায়ুন কবীর উক্ত অনুষ্ঠানে উপস্থিত থাকবেন।

২। বিগত বছরের ন্যায় এবারও সুন্দর ও সুসংগঠিত হয় সেদিকে খেয়াল রাখতে হবে।

৩। সভাপতি মহোদয় ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ, ২০২৩ উদযাপন উপলক্ষ্যে গঠিত কেন্দ্রীয় স্টিয়ারিং কমিটি ও সকল উপকমিটিকে ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ, ২০২৩ সফলভাবে আয়োজন সম্পন্ন করার লক্ষ্যে সম্মিলিতভাবে অর্পিত দায়িত্ব সূচারুভাবে পালনের সদয় নির্দেশনা প্রদান করেন। পরিশেষে, সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাঃ

জনাব আবু হেনা মোঃ রহমাতুল মুনিম
চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড
এবং
সিনিয়র সচিব
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ।

তারিখ: ০৭/১২/২০২৩ খ্রি.

নথি নং- ০৮.০১.০০০০.০৭৬.১৬.০০৬.২০২০.(অংশ-১)/৩৫৮

**অনুলিপি (সদয় অবগতি ও কার্যার্থে ) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

১। সদস্য (গ্রেড-১)/ সদস্য (সকল) কাস্টমস ও ভ্যাট, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
২। সদস্য (কর নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৩। সদস্য (বোর্ড প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা
৪। প্রেসিডেন্ট, কাস্টমস, এক্সাইজ ও মূসক আপিলাত ট্রাইব্যুনাল, জাতীয় রাজস্ব ভবন, আগারগাঁও, ঢাকা।
৫। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর/দক্ষিণ/পূর্ব/পশ্চিম)/ চট্টগ্রাম/কুমিল্লা/যশোর/খুলনা/রাজশাহী/সিলেট/রংপুর/বৃহৎ করদাতা ইউনিট (মূসক) ঢাকা।
৬। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা(উত্তর/দক্ষিণ)/চট্টগ্রাম।
৭। কমিশনার, কাস্টমস হাউজ, ঢাকা/আইসিডি (কমলাপুর)/চট্টগ্রাম/মোংলা/পানগাঁও/বোনাপোল, যশোর।
৮। কমিশনার, কাস্টমস রিস্ক ম্যানেজমেন্ট কমিশনারেট, ঢাকা।
৯। মহাপরিচালক, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, সাগরিকা রোড, পাহাড়তলী, চট্টগ্রাম।
১০। মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ওতদন্ত অধিদপ্তর, ঢাকা।
১১। মহাপরিচালক, মূসক নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা।
১২।মহাপরিচালক, শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা।
১৩।মহাপরিচালক, গবেষণা ও পরিসংখ্যান অনুবিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
১৪। কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনাটে, ঢাকা।
১৫। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ( আপীল) কমিশনারেট, চট্টগ্রাম/খুলনা/ঢাক-১/২, ঢাকা।
১৬।প্রকল্প পরিচালক, ন্যাশনাল সিঙ্গেল উইন্ডো প্রকল্প, ঢাকা।
১৭। প্রকল্প পরিচালক, বন্ড ব্যবস্থাপনা স্বয়ংক্রিয়করণ প্রকল্প, ঢাকা।
১৮। একান্ত সচিব, চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড , ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৯। সিস্টেমস ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড ঢাকা। [ পত্রটি জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ]।
২০। জনসংযোগ কর্মকর্তা, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা ।

০৭/১২/২০২৩

(এস এম সোহেল রহমান)
প্রথম সচিব
(মূসক পরিবীক্ষণ ও করদাতা সেবা)